

**উপজেলা আইন-শৃংখলা বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী**


সভাপতি : নাজমুল হাসান নীরা  
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর নেত্রকোণা।  
 তারিখঃ : ০৪/০৭/২০২১ খ্রি.  
 সময় : বেলা ১০.৩০ ঘটিকা  
 স্থান : উপজেলা পরিষদ হলরুল  
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই গত মাসে অনুষ্ঠিত আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণী সম্পর্কে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০১। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	অপরাধ চিত্র	উপজেলায় অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশী টহল ও নজরদারী অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার-ইন-চার্জ দুর্গাপুর থানা
০২	আইন- শৃংখলা পরিস্থিতি	উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য বিশেষ সতর্কতাসহ প্রয়োজনে তল্লাশী অভিযান বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ
০৩	অবৈধ অস্ত্র উদ্ধার	উপজেলার সার্বিক আইন-শৃংখলা নিয়ন্ত্রণে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ
০৪	সন্ত্রাস, জজিবাদ ও নাশকতা প্রতিরোধ	ক) সন্ত্রাস, জজিবাদ ও নাশকতা প্রতিরোধে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) ইসলামিক ফাইন্ডেশনের তত্ত্বাবধানে ইমামগণের মাধ্যমে জুম্মার নামাজে খুতবাপূর্ব বয়ানে কোরআন হাদিসের আলোকে সন্ত্রাস, জজিবাদ ও নাশকতা বিরোধী বক্তব্য প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। গ) পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সন্ত্রাস, জজিবাদ ও নাশকতা প্রতিরোধ কমিটির কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, দুর্গাপুর পৌরসভা, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)
০৫	গ্রাম আদালতের কার্যক্রম	জুন/২১ মাসে গ্রাম আদালতে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৩৪টি। পেন্ডিং মামলার সংখ্যা ৩৪ টি। মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(নাজমুল হাসান নীরা)

সভাপতি

উপজেলা আইন শৃংখলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

দুর্গাপুর, নেত্রকোণা